গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৬

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন, নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন, নির্বাচিত চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নে ই-জিপি বাস্তবায়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গত তিন বছরে আইএমইডি কর্তৃক ২৫১৯টি চলতি প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ, ৪৩টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ, ৬৫০টি সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও ৫৩টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব নিরুপণ করা হয়েছে। তাছাড়া, ক্রয় কার্যক্রমে ই-জিপি (e-GP) পদ্ধতি প্রবর্তন ও সম্প্রসারণের ফলে ই-জিপি পদ্ধতিতে ১৮১৩৭ জন দরদাতার রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। একই সঙ্গে ই-টেন্ডার এর সংখ্যা ৭০৪৮২টি তে উন্নীত করা হয়েছে এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ৩৪২৪ জন কর্মকর্তাকে দীর্ঘমেয়াদী সরকারি ক্রয় ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১০৩৩২ জন সরকারি কর্মকর্তাকে স্বল্পমেয়াদী ই-জিপিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অত্র বিভাগের আওতায় বাস্তবায়নরত এসএমইসিআই (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় অনলাইন প্রকল্প ব্যবস্থাপনা ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) প্রণয়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

উন্নয়ন প্রকল্পের সংখ্যার তুলনায় প্রয়োজনীয় জনবলের স্বল্পতা, কর্মকর্তা/কর্মচারীর অফিস কক্ষের স্বল্পতা, আইএমইডি'র মতামত/সুপারিশ প্রতিপালনে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের বাধ্যবাধকতা না থাকা, সময়মত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রকল্প পরিবীক্ষণকালীন প্রকল্প এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের না পাওয়া এবং সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন (PCR) যথাসময়ে না পাওয়া।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

অনলাইন মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা; লজিষ্টিক সুবিধাদি নিশ্চিত করা; মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহ থেকে ইলেকট্রনিক উপায়ে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উপাত্ত ও তথ্য সংগ্রহের লক্ষ্যে অনলাইন ডাটাবেইজ ম্যানেজমেন্ট সিস্টেম প্রতিষ্ঠা করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অধিকতর কার্যকরভাবে চালুর লক্ষ্যে পরিবীক্ষণ ও মূল্যায়নের ওপর সেক্টরভিত্তিক ম্যানুয়াল তৈরি করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশ-বিদেশে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা। তাছাড়া, দেশের সকল ক্রয় কার্যক্রমকে ই-জিপি'র আওতায় আনার লক্ষ্যে অধিকতর ক্ষমতাসম্পন্ন ডাটাসেন্টার স্থাপন এবং আইন ও বিধিমালার সংশোধনের আলোকে ইতোমধ্যে প্রণীত ও প্রণীতব্য প্রমিত মানের দরপত্র দলিলসমূহ পুনঃগঠন ও চূড়ান্তকরণ। ১০০ কোটি টাকা পর্যন্ত সরকারি ক্রয় কার্যক্রম ই-পদ্ধতিতে সম্পন্ন করা। নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্পসমূহ আইএমই বিভাগের নিয়মিত মনিটরিং ও মূল্যায়নের আওতায় নিয়ে আসা।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- আইএমইডি'র সাতটি মনিটরিং সেক্টরে ৭৫৫টি চলমান প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করে প্রতিবেদন জারি;
- আইএমইডি'র সাতটি মনিটরিং সেক্টরে ২৩৭টি সমাপ্ত প্রকল্প মূল্যায়ন ও প্রতিবেদন জারি;
- ১৮টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রকাশ;
- ২২টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ;
- গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ২টি প্রমিত দরপত্র দলিল চূড়ান্তকরণ; এবং
- স্থানীয়ভাবে প্রশিক্ষণের মাধ্যমে ২৭৫০ জন কর্মকর্তার দক্ষতা বৃদ্ধি।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

টেকসই উন্নয়নের লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) বাস্তবায়নে সহায়তাকরণ

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ, সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন এবং সরকারী ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকর সহায়তা প্রদান।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন সাধন;
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) মাধ্যমে ক্রয় প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম সম্পাদন;
৩. পরামর্শ সেবা প্রদান;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. বাস্তবায়নাধীন নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In depth Monitoring);
২. চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্প মূল্যায়ন;
৩. নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation);
৪. ক্রয় কার্যক্রমে আইন ও বিধি'র বাস্তবায়ন ও ইলেকট্রনিক গভর্মেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ব্যবস্থাপনা;
৫. ক্রয় কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ ও পরামর্শ সেবা প্রদান।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন হার বৃদ্ধি | মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ বাস্তবায়নের শতকরা হার | % | ৯২ | ৯৩.৫ | ৯৫ | ৯৫ | ৯৫ | বাস্তবায়নাধীন প্রকল্প সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ | আইএমইডি কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| ই-জিপি'র ব্যবহার বৃদ্ধি | ই-জিপিতে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের সংখ্যা | সংখ্যা | ২৬৫৩০ | ২৭০০০ | ২৮০০০ | ২৮৫০০ | ২৯০০০ | ই-জিপিতে একসেস প্রাপ্ত সকল ক্রয়কারী (মন্ত্রণালয়/বিভাগ/সরকারী অধিদপ্তর/ পরিদপ্তর/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্পোরেশন/কোম্পানি আইনের অধীন নিয়োজিত সংস্থা) | www.eprocure.gov.bd ওয়েবসাইটের রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন সাধন; | ৫৫ | [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন | সংখ্যা | ২৪.০০ | ৭০৫ | ৭৫০ | ৭৫৫ | ৭৫৪ | ৭৫৩ | ৭৫২ | ৭৫০ | ৭৬০ | ৭৬৫ |
| | | [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | সংখ্যা | ৮.০০ | ১৫ | ১৭ | ১৮ | ১৬ | ১৪ | ১৩ | ১১ | ১৯ | ২০ |
| | | [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | সংখ্যা | ৮.০০ | ১৮ | ২০ | ২২ | ২০ | ১৮ | ১৫ | ১৩ | ২৪ | ২৬ |
| | | [১.৪] প্রান্তিক প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন | সংখ্যা | ১০.০০ | ১৯০ | ২২৩ | ২৩৭ | ২৩৫ | ২৩০ | ২২৫ | ২২৩ | ২৫৩ | ২৬০ |
| | | [১.৫] ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.৫.১] ৬৪টি জেলার জেলা প্রশাসকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | % | ৫.০০ | ০ | ০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) মাধ্যমে ক্রয় প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম সম্পাদন; | ২২ | [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | সংখ্যা | ৫.০০ | ২৬৫৩০ | ২৭০০০ | ২৮০০০ | ২৭৮০০ | ২৭৫০০ | ২৭৩০০ | ২৭০০০ | ২৮৫০০ | ২৯০০০ |
| | | | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | সংখ্যা | ৫.০০ | ৭৪২০ | ৪৫০০ | ৪০০০ | ৩৮০০ | ৩৫০০ | ৩৩০০ | ৩১০০ | ৩৫০০ | ৩০০০ |
| | | [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] দীর্ঘমেয়াদী | সংখ্যা | ৫.০০ | ৯০৮ | ৭৫০ | ৭৫০ | ৭০০ | ৬৫০ | ৬০০ | ৫৫০ | ৮০০ | ৮৫০ |
| | | | [২.২.২] স্বল্পমেয়াদী | সংখ্যা | ৫.০০ | ৪৮২১ | ৪৪০০ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | ২৫০০ | ৩০০০ |
| | | [২.৩] ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ | [২.৩.১] চুড়ান্ত প্রমিত দরপত্র দলিল | সংখ্যা | ২.০০ | ০ | ৪ | ২ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ |
| [৩] পরামর্শ সেবা প্রদান; | ৩ | [৩.১] ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | [৩.১.১] বিধি বিধান মোতাবেকলিখিতপরামর্শ সেবা প্রদান | % | ৩.০০ | ০ | ০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ভারপ্রাপ্ত সচিব<br>বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ<br>পরিকল্পনা মন্ত্রণালয় | ০৬-০৭-২০১৭<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ই-জিপি | ইলেক্ট্রনিক্স গর্ভমেন্ট প্রকিউরমেন্ট |
| ২ | আইসিটি | ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ৩ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৪ | পিসিআর | প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট |
| ৫ | পিএমআইএস | প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৬ | আইএমইডি | ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড ইভালুয়েশন ডিভিশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন | আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক দেশব্যাপী বাস্তবায়নাধীন চলমান প্রকল্পসমূহ পরিবীক্ষণ শেষে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন । (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | সংশ্লিষ্ট অর্থবছরে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে রাজস্বখাতে আউটসোর্সিং এর মাধ্যমে ব্যক্তি পরামর্শক/পরামর্শক ফার্মের সাহায্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর মনিটরিং সেক্টর সমূহের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা করা হয়। উক্ত পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং স্টেকহোল্ডারদের মধ্যে মতবিনিময়ের মধ্য দিয়ে বিভিন্ন সমস্যাদি নিরূপণ করে তা দূরীকরণপূর্বক প্রকল্পসমুহের সফল বাস্তবায়ন নিশ্চিত করা হয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত এবং ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | আইএমইডি'র মূল্যায়ন সেক্টরের নিজস্ব জনবল এবং দক্ষ অভিজ্ঞ ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম দ্বারা প্রতি বছর নির্বাচিত গুরুত্বপূর্ণ সমাপ্ত প্রকল্প সমূহের প্রভাব মূল্যায়ন করা হয়ে থাকে। | মূল্যায়ন সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের মূল্যায়ন সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত এবং ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [১.৪] প্রান্তিক প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সুচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৫] ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.৫.১] ৬৪টি জেলার জেলা প্রশাসকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | আইএমইডি'র সচিব মহোদয় কর্তৃক দেশের বিভিন্ন জেলার জেলা প্রশাসকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রত্র। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রত্র যা বিভাগের ওয়েবসাইটে (www.imed.gov.bd) প্রকাশ করা হয়। |
| [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | ই-দরপত্র আহবানের জন্য ই-জিপি সিস্টেমে একসেস দেওয়া। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এর ড্যাসবোর্ড এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | দরদাতাগণ সিপিটিইউ কর্তৃক ই-দরপত্রে অংশগ্রহণের লক্ষ্যে ই-দরপত্র হিসাবে রেজিস্ট্রি করছে বা ই-জিপি পদ্ধতিতে অন্তর্ভূক্ত হচ্ছে। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এর ড্যাসবোর্ড এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] দীর্ঘমেয়াদী | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| | [২.২.২] স্বল্পমেয়াদী | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ | [২.৩.১] চুড়ান্ত প্রমিত দরপত্র দলিল | ক্রয় কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চুড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চুড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | [৩.১.১] বিধি বিধান মোতাবেক লিখিত পরামর্শ সেবা প্রদান | ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্র। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পত্র। |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|